**মরিশাসে 'বিস্ব হিন্দি সচিবালয়ের' প্রতীক নকশা তৈরির প্রতিযোগিতা**

হিন্দি ভাষাকে আর্ন্তজাতিক ভাষা হিসাবে প্রসার করা এবং বিস্ব হিন্দি সম্মেলনকে একটি প্রাতিষ্টানিক রূপ দেওয়ার লক্ষ্যে মরিশাসে একটি বিস্ব হিন্দি সচিবালয় গঠিত হয়েছে। ২০০৩ সালের ২১ নভেম্বরে ভারত সরকার ও মরিশাস সরকারের মধ্যে স্বাক্ষরিত চুকতির অর্ন্তগত এই সচিবালয়।১৯৭৫ সালে নাগপুরে অনুষ্ঠিত প্রথম বিস্ব হিন্দি সম্মেলনে মরিশাস প্রধানমন্ত্রী স্যার সিউউসাগর  রামগুলাম এই সচিবালয় প্রতিষ্ঠার কল্পনা করেছিলেন।

ভারতে পররাষ্ট্রমন্ত্রক এই সচিবালয় প্রতিষ্ঠার মুল দায়িত্বে।

আগ্রহী সকল ভারতীযকে (অভিবাসী ও অনাবাসী ভারতীয় নাগরিক এবং বিদেশে বসবাসকারী ভারতীয় নাগরিক ও ভারতীয় বংশোদ্ভুত ব্যাকতি) বিস্ব সচিবালয়ের প্রতীক 'নকশা প্রতিযোগিতায়' অংশ গ্রহণ করার আমন্ত্রণ জানানো হচ্ছে। সচিবালয়ের মুল ভাবাদর্শ প্রতীকে প্রতিফলিত হওয়া আবশ্যিক।

**আবেদনপত্র জমা**

ঃ আগ্রহী ব্যাকতিরা ই-মেইলের মাধ্যমে whslogo14@gmail.com আবেদনপত্র পাঠাতে পারেন। আবেদনপত্র পাঠানোর শেষ দিন ৭ জুলাই ২০১৪।

ঃ প্রতিযোগীদের নকশা অবশ্যই মৌলিক হতে হবে এবং কোনোভাবেই তৃতীয় পক্ষের মেধাসত্ত্ব অধিকারকে যেন ক্ষুণ্ণ না করে।

ঃ প্রতিযোগীরা একক অথবা গোষ্ঠীবদ্ধ ভারে প্রকল্প নকশা পাঠাতে পারেন।

ঃ প্রত্যেক আবেদনকারীকে প্রতীক নকশা সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ লিখিতভাবে দিতে হবে এবং তাতে ব্যাখ্যা করতে হবে কেন এই নকশাটি বিস্ব হিন্দি সচিবালয়ের ভাবাদর্শকে প্রতিফলিত করে।

ঃ আবেদনকারী অথবা আবেদনকারীদের জীবন পঞ্জি সংগে যুকতো করতে হবে।

ঃপ্রত্যেক আবেদনকারী দুইয়ের অধিক নকশা পাঠাতে পারবেন না।

**আবেদনপত্র প্রস্তুতির নির্দেশাবলী**

**যে ফাইলের মাধ্যমে আবেদন চাওয়া হচ্ছে**

ঃ ইপিএস ফাইল(অথবা-এএল) -অ্যাডোব ইলাস্ট্রেটার ,ভার্সান,সিএস থ্রি অথবা তার নীঁচের।

ঃ 'এআই' একসটেনশান সমেত ফাইল অথবা 'ইপিএস' একসটেনশানও ব্যবহার করা যাবে।

ঃ ইলাসস্টেটারে অংকিত প্রতীকের নকশা একমাত্র ফাইলে থাকবে ,কোনো প্রতিস্থাপন করা যাবে না।

ঃ সবকটি ফন্ট আউটলাইনে রূপান্তর করতে হবে।

ঃ যদি ফাইলে স্পট কালার অথবা আরজিবি কালার  থাকে ,তাহলে সিএমকেওয়াইতে রূপান্তর করতে হবে।

**অন্যান্য যেসব ফাইল গ্রহণযোগ্য**

ঃ টিআইএফ,জেপিজি অথবা পিএসডি (সিএসথ্রি অথবা তার নীচে)

ঃপ্রতীক নকশার শিল্পকর্ম ছোটোদিক বরাবর  দৈর্ঘ্যে দু ইঞ্চি হতে হবে।

ঃন্যুনতম তিনশো একসপিলের ক্ষমতা সম্পন্ন ফাইলটি উচ্চ রেসুলেশানের হতে হবে এবং প্রতি ইঞ্চি একশো শতাংশর সাইজের হতে হবে।

ঃ ফাইলটি যখন স্কীরণে একশো শতাংশ সাইজে দেখা হবে তখন স্পষ্টভাবে প্রতীয়মাণ হতে হবে( পিকসিলিয়েটেড অথবা বিট-ম্যাপড হওয়া চলবে না)।

**যেসব ফাইল পুনরায় মুদ্রণ করা সম্ভব নয়**

ঃ জিআইএফ

ঃ ওয়ার্ড(ডক,ডকস)

ঃ পাওয়ারপয়েন্ট(পিপিটি)

ঃডব্লিউএমএফ

ঃপিএনজি

ঃইএকসই বা এসইএর মতো স্বেচ্ছা নিষ্কাশিত ফাইল

আমরা যেধরণের ফাইল আবশ্যিক বা প্রয়োজনীয় বলে মনে করছি,প্রতিযোগীরা যদি তা পাঠাতে অপারগ হন,তাহলেও আমরা তাঁদের সহযোগিতা করতে সবরকমের চেষ্টা করবো,কিন্তু তাতে মুদ্রিত শিল্পকর্মের কাঙ্খিত মান প্রতিফলিত নাও হতে পারে।

**অন্যান্য শর্ত্তাবলী**

ঃ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সঠিক আবেদনগুলি এক বিচারকমন্ডলি দ্বারা পরীক্ষা করা হবে।

ঃ ভারত সরকার,যদি প্রয়োজন মনে করেন,তাহলে যেকোনো সময়ে প্রতিযোগিতা স্থগিত রাখার অধিকারী।

ঃ চূড়ান্ত প্রতিযোগিতায় সফল নকশাকারীকে নগদ ৫০ হাজার টাকায় পুরস্কৃত করা হবে এবং তিনি নকশাটিকে ভারত সরকারের কাছে সমর্পণ করবেন।

**নয়াদিল্লি**

**৬ জুন ২০১৪**

-